

ফিরে যাও কেন ফিরে ফিরে যাও বহিয়া বিফল বাসনা ॥
 চিরদিন আছ দূরে অজানার মতো নিভৃত অচেনা পুরে,
 কাছে আস তবু আস না
 বহিয়া বিফল বাসনা ॥
 পারি না তোমায় বুঝিতে—
 ভিতরে কারে কি পেয়েছ, বাহিরে চাহ না খুঁজিতে ।
 না-বলা তোমার বেদনা যত
 বিরহপ্রদীপে শিখার মতো,
 নয়নে তোমার উঠেছে জ্বলিয়া
 নীরব কী সম্ভাষণা ॥

Parjaay: Prem / Shyama, Taal: Ardha Jhaptaal, Raag: Kafi
 Visit www.geetabitan.com for notation and other detail